



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/বিদ্যা:চট্ট:দ:(লোহা)/৪২৬/২০১১/১৬৫৯ (২) তারিখঃ ১৬/০১/২০২২ খ্রিঃ

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক,
হাজী সামশুল ইসলাম উচ্চ বিদ্যালয়
ডাকঃ আধুনগর, উপজেলাঃ লোহাগাড়া
জেলাঃ সাতকানিয়া।

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়ন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন বিদ্যালয়-কে ০১/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্ন মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৫ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

অবশ্যই পালনীয় শর্ত :

- ১। বিধি মোতাবেক একজন যোগ্যতা সম্পন্ন প্রধান শিক্ষক নিয়োগ করতে হবে।
- ২। বিজ্ঞানাগার, কম্পিউটার ল্যাব ও লাইব্রেরী (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণারসহ) আরো সুসজ্জিত ও সমৃদ্ধ করতে হবে।
- ৩। বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না।
- ৫। বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।

(ড. বিপ্লব গাঙ্গুলী)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
চট্টগ্রাম।

১৬
১৬/০১/২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

- ১। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ২। অফিস নথি।